

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৫১৬

তারিখ : ০৭ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিভাসিক সভা আগামী ১৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোঃ ওয়াসিম আতহার)

সদস্য সচিব

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
ও

উপজেলা প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রঅ/নাগ/কুড়ি/২০২২/

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত

(মোঃ ওয়াসিম আতহার)

সদস্য সচিব





উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
ও

উপজেলা প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ১৫ জুন ২০২১ খ্রিঃ,
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : উপজেলা প্রকৌশলীর কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি		
২	চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য		
৪	উপজেলা প্রকৌশলী নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব		

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রকৌশলী গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত ৪ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া তিনি জানান অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে রায়গঞ্জ উচ্চ বিদ্যালয়ের ০১ টি শ্রেণি কক্ষ নির্মাণ ও পীরবাড়ি দাখিল মাদ্রাসায় ২টি শ্রেণিকক্ষ নির্মাণ কাজ শেষ পর্যায়ে। কাজের মান যাচাই চলছে। পরবর্তীতে উপজেলা পরিষদ সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা হবে। এছাড়া উক্ত প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহের লক্ষ্যে তালিকা প্রস্তুত করা হয়েছে। এ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সড়কবাতি স্থাপনের কাজ চলমান আছে। সকল উন্নয়ন কার্যক্রম তদারকির জন্য তিনি সকলের সহযোগিতা করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, রামখানা ইউপি জানান যে, তার ইউনিয়নে আজমাতা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, আকরনগর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রয়োজনীয় সংখ্যক শ্রেণিকক্ষ না থাকায় পাঠদান ব্যহত হচ্ছে। পরবর্তীতে বর্ণিত বিদ্যালয় উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রশকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।